# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**

**বিজ্ঞপ্তি নম্বর : ১১/২০২৪**

তারিখ : ২২ মাঘ, ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ২০২২ সাল ভিত্তিক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্যানেল প্রস্তুতির লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদ সংখ্যা | সংশ্লিষ্ট ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান | Job ID | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র অফিসার (ইঞ্জি:সিভিল)/ এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)/ সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-৯) | টা : ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ২৯টি | সোনালী ব্যাংক পিএলসি-০৪ টি<br>জনতা ব্যাংক পিএলসি - ০৫টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক- ০১টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক- ১৮টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক- ০১টি | **10211** | ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ২. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৩টি | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক- ০১টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক লিঃ- ০১টি<br>কর্মসংস্থান ব্যাংক -০১টি | **10212** | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (ইলেকট্রিক্যাল) বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)/ এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) (গ্রেড-৯) | টা:২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৩টি | সোনালী ব্যাংক পিএলসি - ০২টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক - ০১টি | **10213** | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (মেকানিক্যাল) বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৪. | উর্ধ্বতন কর্মকর্তা (আইন)/ সিনিয়র অফিসার(ল') (গ্রেড-৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ২৮টি | সোনালী ব্যাংক পিএলসি -২৪টি<br>বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন- ০৪ টি | **10214** | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম ৪ বছর মেয়াদী স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৫. | সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)/ উপ-সহকারী প্রকৌশলী(পুরকৌশল) (গ্রেড-১০) | টা:১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ১৮টি | সোনালী ব্যাংক পিএলসি- ১৪টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক - ০২টি<br>বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-০২ টি | **10215** | (ক) সরকার অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে সংশ্লিষ্ট বিষয়ে (প্রকৌশল) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১(এক)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৬. | সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) /উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎকৌশল) (গ্রেড-১০) | টা:১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৪টি | সোনালী ব্যাংক পিএলসি -০৩ টি<br>বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-০১ টি | **10216** | (ক) সরকার অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে সংশ্লিষ্ট বিষয়ে (প্রকৌশল) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১(এক)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৭. | সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) /উপ-সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল) (গ্রেড-১০) | টা:১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৪টি | সোনালী ব্যাংক পিএলসি-০৩ টি<br>বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-০১ টি | **10217** | (ক) সরকার অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে সংশ্লিষ্ট বিষয়ে (প্রকৌশল) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১(এক)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৮. | সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট) (গ্রেড-৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ১৮টি | জনতা ব্যাংক পিএলসি - ১৮টি | **10218** | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স/অ্যাকাউন্টিং বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণির (সমমানের সিজিপিএ) ৪ বছর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টি-তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ)শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।<br>(ঘ) অভিজ্ঞতা : কম্পিউটার লিটারেসি আবশ্যক। |

চলমান পাতা /০২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯. | সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট) (গ্রেড-৯) | টা: ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৪টি | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক -০৪টি | **10219** | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিবিএ-সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে এমবিএ বা এমবিএম (মেজর ইন ফাইন্যান্স/ব্যাংকিং) ; অথবা<br>(খ) অর্থনীতি, কৃষি অর্থনীতি, হিসাব বিজ্ঞান বা ফাইন্যান্স ও ব্যাংকিং-এ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী ;<br>(গ)শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণিগ্রহণযোগ্য হবে না। |

২। **সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনা :**

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে :

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| **অর্জিত সিজিপিএ** | | **সমতুল্য শ্রেণি/বিভাগ** |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

৩। **বয়স (০১/০৩/২০২৩ তারিখে) :**

ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত সকল প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৪। **আবেদনপত্র দাখিল এবং ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ০৪/০৩/২০২৪ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৫। **Verify Payment এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় : ০৭/০৩/২০২৪ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৬। **আবেদন ফি :** অফেরতযোগ্য **২০০/- (টাকা দুইশত মাত্র)**। ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (MFS) **'রকেট'** এর মাধ্যমে Prepaid payment পদ্ধতিতে আবেদনকারীকে নিজের অথবা এজেন্ট একাউন্ট ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

৭। **আবেদন পদ্ধতি :**

ক. **Online Registration :** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID Number :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থী Online এ নিবন্ধন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। **একজন প্রার্থী কর্তৃক একাধিক CV খোলা যাবে না।**

গ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা :** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তার স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে অবিবাহিত মহিলা প্রার্থী আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. **ছবি (Photo) :** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই অনধিক তিন মাস পূর্বে তোলা সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত রঙিন ছবি scan করে 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপে ওয়েবসাইটের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature) :** প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপে ওয়েবসাইটের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।

জ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ :** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। অর্জিত ডিগ্রির ফলাফল অবশ্যই আবেদন দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে প্রকাশিত হতে হবে।

ঝ. **বিদেশি ডিগ্রিধারী প্রার্থী :** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ঞ. **প্রতিষ্ঠান পছন্দক্রম:** নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রার্থী কর্তৃক Online আবেদনে প্রতিষ্ঠান পছন্দক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। আবেদন দাখিলের পর উক্ত পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ট. **Application Fee Payment পদ্ধতি :** আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (MFS) **'রকেট'** এর Prepaid payment পদ্ধতি ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

**Prepaid payment পদ্ধতি :** রকেট অ্যাপ বা ম্যানুয়াল উভয় পদ্ধতিতেই ফি প্রদানের জন্য Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 নির্বাচন করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে **সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেন (-) এর আগের অংশ},** ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই পৃথকভাবে Payment Verify সম্পাদন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**

চলমান পাতা /০৩

ঠ. **Verify Payment :** প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত Txn ID বাংলাদেশ ব্যাংকের erecruitment ওয়েবসাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পাদন করতে হবে। **কোনো আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে Payment Verify সম্পাদন না করলে পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবে না।**

ড. **Tracking Page সংগ্রহ :** Payment Verify নিষ্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। **Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে।** Tracking Page সংরক্ষণ করলেই কেবল প্রার্থীর আবেদন সম্পূর্ণ হয়েছে বলে বিবেচিত হবে। **০৫ নং ক্রমিকে উল্লিখিত সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঢ. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। **অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।**

৮। প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত সকল প্রার্থীর প্রবেশপত্র ও নির্বাচনি পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

৯। পরীক্ষা পদ্ধতি ও নম্বর বন্টন পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ প্রকাশ করা হবে।

১০। প্রার্থীকে Online আবেদনের সময় কোনোরূপ কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১১। চাকুরিরত প্রার্থীকে তার নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তার নিজস্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

**বিশেষ দ্রষ্টব্য : শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পাদন করতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ভুল Job ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা নির্ধারিত সময়ের মধ্যে Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।**

**স্বাক্ষরিত/-**
**(মোঃ সাঈদুর রহমান খান)**
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি